CABLE : BURLAP

# আমিন জুট মিলস লিমিটেড

AMIN JUTE MILLS LTD.
An Enterprise of BJMC.
Shloshahar, Chattogram, Bangladesh.

SECURITY-19.01.2021
Phone PBX – 682057
Fax No- 880-31-682749
E-mail : aminjutemills@yahoo.com
Post Box No. 15

সূত্র নং ২৪.০৪.১৫৫৭.৯২১.১৮.০০৯.২৫/২৫৩ তারিখ: ০৭ ফেব্রুয়ারী, ২০২৬

## দরপত্র বিজ্ঞপ্তি (অনুরোধ জ্ঞাপন পদ্ধতি)

| | | |
|---|---|---|
| ১ | **মন্ত্রণালয়/অধিদপ্তর** | **বস্ত্র ও পাট মন্ত্রণালয়।** |
| ২ | _শাখা/প্রকল্প | আমিন জুট মিলস লিমিটেড। |
| ৩ | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | আমিন জুট মিলস লিমিটেড। |
| ৪ | যে জেলার অধীন বিজ্ঞপ্তি | চট্টগ্রাম। |
| ৫ | যে কাজের জন্য দরপত্র আহবান | সোনালী ব্যাংক ,পিএলসি- আমিন জুট শাখা চট্টগ্রাম এর জানালা/গ্রীল,মেরামত,ভাঙ্গা গ্লাস পরিবর্তন, অভ্যন্তরীন অংশে রং করা, বিভিন্ন স্থানে প্লাস্টার করা,বাথরুম ও জেনারেটর রুমের দরজা মেরামতের কাজ করা প্রসঙ্গে। |
| ৬ | দরপত্র প্রাপ্তির স্থান | প্রশাসন দপ্তর ,আমিন জুট মিলস লিমিটেড,ষোলশহর,চট্টগ্রাম। |
| ৭ | দরপত্র বিতরণের শুরুর তারিখ | ৮ ফেব্রুয়ারী,২০২৬ |
| ৮ | দরপত্র বিতরণের শেষ তারিখ | ১৭ ফেব্রুয়ারী,২০২৬ |
| ৯ | দরপত্রের মূল্য | বিনামূল্যে । |
| ১০ | দরপত্রের দাখিলের শেষ তারিখ | ১৮ ফেব্রুয়ারী,২০২৬, দুপুর ১২.০০ ঘটিকা |
| ১১ | দরপত্রের উন্মুক্তকরণ | ১৮ ফেব্রুয়ারী,২০২৬ ,দুপুর ১২.৩০ ঘটিকা |
| ১২ | দরপত্র জামানত | প্রয়োজন নাই। |
| ১৩ | দরপত্রের সাথে যে সব কাগজপত্রাদি জমা দিতে হবে | (ক) ট্রেড লাইসেন্স (খ) আয়কর শনাক্তকরণ নম্বর(TIN),গ) ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি ঘ) প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্র দাখিল করতে হবে। |
| ১৪ | দরপত্র মূল্যায়নের নির্ণায়ক | সর্বনিম্ন দর ও সংযুক্ত কাগজপত্রাদির কার্যকারীতা। |
| ১৫ | মন্তব্য | কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল/যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |

০৭/২/২০২৬

**(এ এইচ এম কামরুল হাসান)**
**মহাব্যবস্থাপক (প্রকল্প প্রধান)**

**অনুলিপি:- ( ই মেইলে প্রেরণ।)**

**১. আঞ্চলিক সমন্বয় কর্মকর্তা, বাংলাদেশ পাটকল করপোরেশন চট্টগ্রাম আঞ্চলিক অফিস, আমিন জুট মিলস মেডিকেল ভবন,চট্টগ্রাম। - নোটিশ বোর্ড এ টানানোর জন্য।**
২. উপ-মহাব্যবস্থাপক (এম আই এস) ,বিজেএমসি,ঢাকা। - অবগতির জন্য।
৩. প্রকৌশলী (পুর) বিজেএমসি ঢাকা। -অবগতির জন্য।
৪. ব্যবস্থাপক,(প্রশাসন) আমিন জুট মিলস লি: - নোটিশ বোর্ডে টানানোর জন্য।
৫. ব্যবস্থাপক (প্রশাসন), মিলস ফার্নিশিংস/হাফিজ/গুল আহমেদ/এম এম/আর আর/গ্রালফ্রা হাবিব - নোটিশ বোর্ডে টানানোর জন্য

আমিন জুট মিলস লিঃ
ষোলশহর,চট্টগ্রাম

তারিখ-০৭.০২.২০২৬

কাজের নামঃ

সোনালী ব্যাংক ,পিএলসি- আমিন জুট শাখা চট্টগ্রাম এর জানালা/গ্রীল,মেরামত,ভাঙ্গা গ্লাস পরিবর্তন, অভ্যন্তরীন অংশে রং করা, বিভিন্ন স্থানে প্লাস্টার করা,বাথরুম ও জেনারেটর রুমের দরজা মেরামতের কাজ করা প্রসঙ্গে। **( As per pwd schedule of rate 2022)**

| SL no | description of item | amount of work per unit | unit | total | unit rate@ | tk |
|---|---|---|---|---|---|---|
| 1 | Supplying, fitting and fixing of aluminium fixed composite window as per the U.S. Architectural Aluminium Manufacturer"s Association (AAMA) standard specification and BDS 1879:2014 having 1.2 mm thick outer bottom (size 75.50 mm, 32 mm, 0.695 kg/m), 1.2 mm thick outer top (size 75.50mm, 26.80 mm, 0.78 kg/m), 1.2 mm thick shutter top (size 33 mm, 26.80 mm, 0.536 kg/m), 1.25 mm thick shutter bottom (size 60 mm, 24.40 mm, 0.736 kg/m), 1.2 mm thick outer side (size 75.50 mm, 19.90 mm, 0.616 kg/m), 1.2 mm thick sliding fixed side (size 31 mm, 26 mm, 0.422 kg/m), 1.2 mm thick shutter lock (size 49.20 mm, 26.20 mm, 0.661 kg/m), 1.2 mm thick inter lock (size 34.40 mm, 32.10 mm 0.665 kg/m) 1.2 mm thick bottom cover (size 37.78 mm, 31.78 mm, 0.313 kg/m), 1.2mm thick grouve cover (size 76.20 mm, 38.10 mm, 0.912 kg/m), 1.2 mm thick grouve cover ( size 57.15 mm, 15.80 mm, 0.452 kg/m) and 1.2 mm thick top and side (size 76.20 mm, 38.10 mm, 0.3 kg/m) sections all aluminium members (total weight 12.297 kg) will be anodized to aluminium bronze/silver/ss/black colour with a coat not less than 15 microns in thickness or powder coated to any colour with a coat not less than 25 microns in thickness and density of 4 mg per square cm etc.including all accessories like sliding door key lock, sliding door wheel, sliding door mohiar, sliding door neoprene, bolts and nuts including sealants, keeping provision for fitting 5 mm thick glass including labour charge for fitting of accessories, making grooves and mending good damages, carriage, and electricity complete in all respect as per drawing and accepted by the Engineer-in-charge.<br><br>**Size up to: 1500 mm x 1400 mm**<br>**Anodized to s.s colour/ black colour (01 nos) SIZE ( 8' X 4')= 32 SFT convert to sqm=2.9 sqm** | 2.9 | sqm | 2.9 sqm | | |
| 2 | Supplying, fitting and fixing in Aluminium door frames, windows, partitions and curtain wall distortion free glass of approved quality and shade including cost of fitting fixing all necessary accessories etc. complete in all respect as per drawing and accepted by the Engineer-in-charge.<br>5 mm thick clear glass (01 nos) SIZE ( 8' X 4')= 32 SFT convert to sqm=2.9 sqm | 2.9 | sqm | 2.9 sqm | | |
| 3 | Supplying, fitting and fixing window grill made of 10 mm x 10 mm M.S. solid bar 140mm c/c with outer frame of 38 mm x 6mm F.I. bar as per design approved and accepted by the Engineer-in-charge. **SIZE ( 8' X 4')= 32 SFT convert to sqm=2.9 sqm** | 2.9 | sqm | 2.9 sqm | | |
| 4 | supplying , fitting and fixing of plastic low -down of any colour,on walls or directly over water closet with necessary accessories,making hole wherever requier and mending good the damages and fitting,fixing and finishing etc.complte with all necessary fitting and connections approved and accepted by the Engineer-in-charge.(01 nos) | | | 01 nos | | |
| 5 | Renewing of 5 mm glass panes including supply of glass **Two window no 3 and 4**<br>**32 SFT convert to sqm=2.9 sqm** | 2.9 | sqm | 2.9 sqm | | |
| 6 | supplying , fitting and fixing of wooden door (normal polish) with ss fitting all complete approved and accepted bythe committee-in-charge.( door 1 pcs)<br>SIZE ( 3' X 7') = 21 SFT | | | | | |
| | 38 mm thick door shutter (1.8m×.75m×.04m)= 1 nos | 0.05 | cum | 0.05 | | |
| | framework (2.50m×.05m×.08m)= 2 nos | 0.01 | cum | 0.02 | | |
| | framework (2.0m×.05m×.25m)= 1 nos | 0.03 | cum | 0.03 | | |
| | | TOTAL | | 0.10 cum | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 7 | Minimum **12 mm thick cement sand (F.M. 1.2) plaster (1:4)** with fresh cement to wall both inner-and outer surface, finishing the corner and edges including washing of sand cleaning the surface, scaffolding and curing at least for 7 days, cost of water, electricity and other charges etc. all complete in all respect as per drawing and accepted by the Engineer-in-charge. (Cement: CEM-II/A-M). Ground floor. | 35 | sqm | 35sqm | | |
| 8 | Interior standard acrylic emulsion paint (plastic or matt finish) of approved best quality and colour delivered from authorized local agent of the manufacturer (Berger robbialac plastic emulsion/Asian apcolite plastic emulsion or equivalent brand) in a sealed container; applying to interior wall and ceiling with surface preparation including cleaning drying, making free from dirt, grease, wax, removing all chalked and scaled materials, fungus, mending good the surface defects using sand paper and necessary scaffolding; applying 1 coat of interior sealer of specified brand on prepared surface; then applying 1 coat of interior putty of specified brand for levelling, spot filling, crack filling and cutting by sand paper/zero water paper; finally applying 2 coats of interior emulsion paint spreading by brush/roller/spray & necessary scaffolding etc. upto desired finishing, elapsing specified time for drying or recoating; all complete in all floors and accepted by the Engineer-incharge. | 112 | sqm | 112 sqm | | |
| 9 | Premium synthetic enamel paint of approved best quality and colour delivered from authorized local agent of the manufacturer(Berger robbialac supergloss synthetic enamel/Elite lucky seven/ Asian apcolipe premium paint or equivalent brand) in a sealed container, having high water resistance, high bondibility, flexiblity property; using specified brand thinner applying to metallic or wooden surface by brass/roller/spray in two coats over single coat anti-corrosive coating including cleaning, drying, making free from dirt, grease, wax, removing all chalked and scaled materials, all complete in all floors and accepted by the Engineer-in-charge.(DOOR=2 NOS) | 3.9 | sqm | 7.8sqm | | |
| | | | | | total | |

# দরপত্র দাতাগণের জন্য পালনীয় শর্তাবলী

## সাধারণ নির্দেশাবলী ঃ

১। আহবানকৃত দরপত্রের চাহিদা মোতাবেক, (ক) ট্রেড লাইসেন্স (খ) আয়কর শনাক্তকরণ নম্বর(TIN),গ) ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি ঘ) প্রতিষ্ঠানের আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্র দাখিল করতে হবে।

২। কাজের পরিমাণ ও কার্যস্থল যে কোন কর্মদিবসে দরদাতাগণ পরিদর্শণ করতে পারবেন এবং দরপত্রে উল্লেখিত দর টাকায় অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে,প্রতি পৃষ্ঠায় ঠিকাদারের সিল স্বাক্ষর দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন আপত্তি গৃহীত হবে না ।

৩। সকল ধরণের কাজে P.P.R অনুসরণ করা হবে। কর্তৃপক্ষ সর্বনিম্ন দর বিবেচনা করে যোগ্যতম ঠিকাদারকে কার্যাদেশ দেওয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

৪। কার্যাদেশ পাওয়ার পর কাজের শুরু হতে শেষ পর্যন্ত কার্যসূচী/তালিকা দায়িত্বপ্রাপ্ত কমিটির নিকট দাখিল করতে হবে। কাজের সময়সীমা হবে কার্যাদেশ তারিখ হতে পরবর্তী সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিন।

৫। পানি ও বিদ্যুৎ, ঠিকাদার নিজ দায়িত্বে ব্যবস্থা করতে পারবেন। মিল হতে পানি ও বিদ্যুৎ গ্রহণ করা হলে ব্যবহৃত পানি ও বিদ্যুৎ বিল মিলে জমা প্রদান করতে হবে।

৬। কোন অবস্থাতেই কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার, কার্যাদেশ প্রাপ্ত কাজ ভাড়া, উপ-ভাড়া, বা বিক্রি করে দিতে পারবেন না।

৭। কার্যাদেশ জারী করার পর কোন অবস্থাতেই পরবর্তীতে ঠিকাদার কর্তৃক দর বৃদ্ধির জন্য আবেদন বা চেষ্টা বা সময়ক্ষেপন গ্রহণযোগ্য হবে না।

৮। ঠিকাদার তার কাজের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি রাখার ঘর শ্রমিকদের থাকার ঘর এবং প্রয়োজনে তার সাইট অফিস নিজ ব্যয়ে তৈরি করতে পারবেন।

৯। দরপত্র মূল্যায়নে উত্তীর্ণ ঠিকাদারকে তার নিজ ব্যয়ে ৩০০ টাকার স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদন করে কার্যাদেশ গ্রহণ করতে হবে। চুক্তিপত্র সম্পাদন ব্যাতিরেকে কার্যাদেশ জারী করা হবে না।

১০। দরপত্র তফসিলের সকল শর্তাবলী পি পি আর -২০২৫ বই এ বিস্তারিত বিধি,ব্যাখ্যা চুক্তির অন্তর্ভূক্ত বলে বিবেচিত হবে।

## কার্য সংক্রান্ত নির্দেশাবলী ঃ

১১। অত্র মিলের দায়িত্বপ্রাপ্ত কমিটির নির্দেশ মোতাবেক কাজ করতে হবে। সকল কাজ নিখুঁতভাবে নির্দেশ ও নক্সা অনুযায়ী করতে হবে। এক্ষেত্রে গণপূর্ত বিভাগের স্পেসিফিকেশন অনুসরণ করা হবে। কাজ চলাকালীন ক্রটিযুক্ত কাজ ভারপ্রাপ্ত কমিটি ভেঙ্গে ফেলার দাবী করতে পারেন। যদি কাজটি নির্দিষ্ট ও নক্সা অনুযায়ী করা না হয়, তবে ঐ কাজ ভেঙ্গে পূনঃ নির্মাণ বা মেরামত ঠিকাদারের নিজের খরচে করতে হবে।

১২। কাজ চলাকালীন ঠিকাদার নিজে অথবা তার মনোনীত ব্যক্তি সর্বক্ষণ কার্যস্থলে উপস্থিত থাকবেন এবং ভারপ্রাপ্ত কমিটির নির্দেশ গ্রহণের জন্য ও কাজের পরিমান, গুনগত মান ইত্যাদি লিপিবদ্ধ করার জন্য একটি রেজিষ্ট্রার কার্যস্থলে রাখবেন।

১৩। ভারপ্রাপ্ত কমিটি ঠিকাদারের নিযুক্ত যে কোন লোককে অ-কর্মক্ষম বা অগ্রহণযোগ্য বা অসৎ ইত্যাদি বলে মনে করলে ঠিকাদার সংগে সংগে ঐ লোককে কার্যক্ষেত্র হতে অপসারণ করে নতুন লোককে তার স্থলে নিযুক্ত করতে বাধ্য থাকবেন।

১৪। কাজে কোন বিরোধ দেখা দিলে প্রকল্প প্রধান/অনুমোদনকারী কর্তৃপক্ষ বা সর্বোচ্চ পর্যায়ে বিজেএমসি কর্তৃপক্ষ বিরোধ নিষ্পত্তিতে যে পদক্ষেপ বা সিদ্ধান্ত দিবেন তা চূড়ান্ত বলে ঠিকাদারকে মেনে নিতে হবে।

১৫। কাজের কোন অংশের আংশিক ডিজাইন/নক্সা তৈরি বা সংশোধনের প্রয়োজন হলে, তা ঠিকাদারকে তৈরি করে ভারপ্রাপ্ত কমিটির নিকট কর্তৃপক্ষের অনুমোদনের জন্য দাখিল করতে হবে।

১৬। দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী বা মিল কর্তৃপক্ষের লিখিত যুক্তিসঙ্গত আদেশে কাজ পরিবর্তন, পরিবর্ধন বা বন্ধ করতে পারবেন।

১৭। দাখিলতব্য দরপত্রসমূহ মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশের ভিত্তিতে/অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত চূড়ান্ত হওয়ার পর পিপিআর মোতাবেক দায়িত্বপ্রাপ্ত কমিটির যাবতীয় নির্দেশাবলী মেনে চলতে ঠিকাদার বাধ্য থাকবেন।

১৮। কাজের সুপারভিশনের জন্য ঠিকাদার কর্তৃক যোগ্যতা সম্পন্ন পুর-প্রকৌশলী (ডিপ্লোমা/স্নাতক) কার্যস্থলে রাখতে হবে।

১৯। কাজ চলাকালীন মানব সৃষ্ট বা প্রাকৃতিক যে কোন দূর্ঘটনার (ঝড়, বন্যা, জলোচ্ছাস, ভূমিকম্প) জন্য যে কোন ক্ষয়ক্ষতি, ঠিকাদার কে নিজ খরচে মেরামত করতে হবে।

২০। ঠিকাদার কে কার্যাদেশ পাওয়ার ০৭ দিনের ভিতর কাজ শুরু করতে হবে। যদি কাজ শুরু না করেন তবে কৃর্তপক্ষ কার্যাদেশ বাতিল করতে পারবে এবং উক্ত ঠিকাদার পরবর্তিতে অত্র প্রতিষ্ঠানের কোন কাজে অংশগ্রহণ করতে পারবেন না। ঠিকাদারী প্রতিষ্ঠান কালো তালিকাভুক্তি হিসাবে গন্য হবেন।

২১। ঠিকাদার যদি কাজে কোন বাধা বা অসুবিধা বা সমস্যা যাহাই বোধ করেন, তাহার সমাধান প্রথমে নিজে সমাধান করার চেষ্টা করবেন, যদি সমাধান না হয়,তবে ভারপ্রাপ্ত কমিটির নিকট ০৭ দিনের মধ্যেই আবেদন করে প্রতিকার চাইবেন। ০৭ দিনের মধ্যে সমাধান না হলে ০৭ দিন পরবর্তি ০৩ দিনের মধ্যেই মিলস কর্তৃপক্ষের নিকট আবেদন করবেন। কর্তৃপক্ষ যে রুপ সমাধান সিদ্ধান্ত দিবেন সেভাবেই ঠিকাদার কাজ করবেন।

২২। ঠিকাদার নির্দিষ্ট সময়-সীমা ৪৫ দিনের মধ্যেই সকল প্রকার নির্মান কাজ শেষ করে ব্যবহার উপযোগী নির্মাণ/পরিবেশ সৃষ্টি করে কর্তৃপক্ষের নিকট বুঝে দিতে বাধ্য থাকবেন। যদি যুক্তি সংগত কারণে তা না হয়- তবে, ঠিকাদার যুক্তি সংগত কারণ উল্লেখ করে কার্যাদেশ সময়/তারিখ শেষ হওয়ার ১০ দিন আগেই কাজের সময় সীমা বৃদ্ধির আবেদন করতে পারবেন। কর্তৃপক্ষ যুক্তির সঠিকতা আছে মর্মে সন্তোষ্ট হলে কাজের সময় বৃদ্ধিতে সম্মতি/অসম্মতি দিয়ে কার্যাদেশ শেষ তারিখের পূবেই অনুমোদন দিয়ে ঠিকাদারকে জানাবেন। অন্যথায়- পি পি আর অনুযায়ী পরবর্তি ব্যবস্থা গ্রহণ করা হবে।

<u>কাজের মজুরী/বিল সংক্রান্ত শর্তাবলী</u>

২৩। ঠিকাদারকে কোন অগ্রিম অর্থ প্রদান করা হবে না বা নির্মাণ সামগ্রী সংগ্রহরের জন্য কোন অর্থ প্রদান করা হবে না।

২৪। নির্মাণ কাজ সমাপ্তির পর ঠিকাদার লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাবেন। তার প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কমিটি শেষ পরিদর্শণ করে যদি সকল কাজ যথাযথভাবে সম্পাদন দেখতে পান, তবে কাজ সমাপ্তির চূড়ান্ত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করবেন। শেষ পরিদর্শনকালে ঠিকাদারকে সকল কিছু বুঝে দিতে হবে ও চূড়ান্ত প্রতিবেদনে সম্মতিসূচক স্বাক্ষর করবেন এবং তার ১ কপি নিজের কাছে রাখবেন।

২৫। সমস্ত কাজের ১০০% সন্তোষজনক ভাবে শেষ হওয়ার পর কমিটি কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত প্রতিবেদনে উল্লেখিত মাপজোখ অনুযায়ী ঠিকাদার কর্তৃক মেজারমেন্ট বুক (এমবি) প্রস্তুত করে চূড়ান্ত বিল প্রকল্প প্রধান বরাবর দাখিল করতে পারবেন। প্রকল্প প্রধানের নির্দেশে দায়িত্বপ্রাপ্ত কমিটি কর্তৃক কারিগরি নিরীক্ষা ও সুপারিশের পর কমিটির সুপারিশের আলোকে বিল দেওয়া যেতে পারে। কর্তৃপক্ষ বিল মঞ্জুর/না মঞ্জুর করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিল দাখিলের তারিখ হতে ৩০ দিনের মধ্যে কর্তৃপক্ষ বিল প্রদান/না দেওয়ার বিষয় চূড়ান্ত করবে।

২৬। চূড়ান্ত বিল প্রদানের পূর্বে (সময়সীমা সর্বোচ্চ ৯০ দিন) কাজের কোন ত্রুটি পাওয়া গেলে/গোচরীভুক্ত হলে দাখিলকৃত বিল পরিশোধে কর্তৃপক্ষ বাধ্য থাকবেন না।

২৭। সরকারী সর্বশেষ নির্দেশ মোতাবেক ভ্যাট, ট্যাক্স, উৎসে কর ইত্যাদি বিধি মোতাবেক চলতি/চুড়ান্ত বিল হইতে কর্তন করা হবে।


(এ এইচ এম কামরুল হাসান)
**মহাব্যবস্থাপক(প্রকল্প প্রধান)**

উপরোক্ত নির্দেশাবলী ও শর্তানুসারে আমি/আমরা কাজ করিতে রাজি আছি। এতদ্বারা তা প্রত্যয়ন করা হলো।

দরপত্র দাতার স্বাক্ষর ,নাম, তারিখ (সীলযুক্ত) ঃ-

জাতীয় পরিচয় পত্র সনাক্তকরণ নাম্বার (কাগজ সংযুক্ত করতে হবে) ঃ-

যোগাযোগের ফোন / ইমেইল / টেলিফোন নম্বর ঃ-
যোগাযোগের ঠিকানা ঃ- স্থায়ী ঠিকানা ঃ-




Plan of bank building